



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত পরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সিলেট অঞ্চল, সিলেট



www.dae.sylhetdiv.gov.bd

স্মারক নম্বর: ১২.০১.৯১০০.১৭০.০৫.০০৩.২১.৩০

তারিখ: ২৯ চৈত্র ১৪২৮

১২ এপ্রিল ২০২২

বিষয়: ২০২১-২২ অর্থবছরের জন্য শুদ্ধাচার চর্চার পুরস্কার প্রদানের লক্ষ্যে আবেদন/ তথ্য প্রেরণ।

সূত্র: সূত্র: মহাপরিচালক, ডিএই, খামারবাড়ি, ঢাকার ০৩ এপ্রিল ২০২২ তারিখের স্মারক নং

১২.০১.০০০০.৮২০.৩২.০১৫.২২.২০ মোতাবেক।

জাতীয় শুদ্ধাচার কৌশল এর ভিশন 'সুখী-সমৃদ্ধ সোনার বাংলা' এবং মিশন 'রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা'। সে ক্ষেত্রে অতিরিক্ত পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট অঞ্চল, সিলেট জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ বাস্তবায়ন করে যাচ্ছে। উক্ত কর্মপরিকল্পনার কার্যক্রম ১.৭ এর আওতায় "শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ" নির্ধারন আছে। সে প্রেক্ষিতে শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আঞ্চলিক ও জেলা কার্যালয়, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, হার্টিকালচার সেন্টার, কোয়ারেন্টাইন সেন্টারে চাকরিরত কর্মকর্তা/ কর্মচারী নির্বাচন করা হবে। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত "শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১" অনুসরণপূর্বক পুরস্কার প্রদান কার্যক্রম সম্পাদন হবে।

পুরস্কার প্রদানের ক্ষেত্রে (অত্র কার্যালয় কর্তৃক) জেলা কার্যালয়ের প্রধান বা আঞ্চলিক কার্যালয়/ কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট/ কোয়ারেন্টাইন সেন্টার/ হার্টিকালচার সেন্টারসমূহের নিজ নিজ কার্যালয়ের ৩-৯ গ্রেডভুক্ত ১ জন, ১০-১৬ গ্রেডভুক্ত ১ জন, ১৭-২০ গ্রেডভুক্ত ১ জন করে মোট ৩ জন কর্মকর্তা/ কর্মচারীকে পুরস্কার প্রদানের জন্য নির্বাচন করা হবে (নীতিমালার অনুচ্ছেদ ৩.৪)।

এমতাবস্থায় আঞ্চলিক কার্যালয়/ কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট/ কোয়ারেন্টাইন সেন্টার/ হার্টিকালচার সেন্টারসমূহের কর্মকর্তা/ কর্মচারীগণকে শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যে আবেদন/ তথ্য (সংযুক্ত ছক মোতাবেক ও প্রমাণকসহ) আগামী ২০ এপ্রিল ২০২২ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অত্র কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হল। অনুরূপভাবে জেলা কার্যালয় তার আওতাধীন কর্মকর্তা/ কর্মচারীগণের মাঝে পুরস্কার প্রদানের উদ্যোগ গ্রহন করবেন।

এই বিষয়ে বিস্তারিত তথ্যের জন্য, জনাব কাজী মজিবুর রহমান, উপপরিচালক ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট অত্র কার্যালয়, মোবাইল নং-০১৭১৫-৪২০৬৬৪ এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হল।

সংযুক্তঃ ১। আবেদন পত্রের নমুনা-ছক-২: ২-৯ গ্রেডভুক্ত কর্মকর্তা/ কর্মচারীর জন্য।

২। আবেদন পত্রের নমুনা-ছক-৩: ১০-১৬ গ্রেডভুক্ত কর্মকর্তা/ কর্মচারীর জন্য।

৩। আবেদন পত্রের নমুনা-ছক-৪: ১৭-২০ গ্রেডভুক্ত কর্মচারীর জন্য।

৪। শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১।

৫। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকার ২২ মার্চ ২০২২ তারিখের শুদ্ধাচার পুরস্কার প্রদান বাহাই কমিটির সভার কার্যবিবরণী।

১২-৪-২০২২

মো: মোশাররফ হোসেন খান

অতিরিক্ত পরিচালক

ফোন: ০২৯৯৬৬৩৬১৬৮

ইমেইল: adaesylhet@gmail.com

বিতরণ :

- ১) অধ্যক্ষ কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, খাদিমনগর, সিলেট।
- ২) উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট/
মৌলভীবাজার/ হবিগঞ্জ/ সুনামগঞ্জ।
- ৩) উপ-পরিচালক ও শুদ্ধাচার ফোকাল পার্সন , অতিরিক্ত
পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট
অঞ্চল, সিলেট
- ৪) অতিরিক্ত উপপরিচালক/ সংগনিরোধ কীটতত্ত্ববিদ,
উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র, ওসমানী আন্তর্জাতিক
বিমানবন্দর/ তামাবিল/ শেওলা, জকিগঞ্জ, সিলেট।
- ৫) উদ্যানতত্ত্ববিদ, হটিকালচার সেন্টার, খাদিমনগর,
সিলেট।
- ৬) নার্সারী তত্ত্বাবধায়ক, হটিকালচার সেন্টার, কুলাউড়া,
মৌলভীবাজার।

স্মারক নম্বর: ১২.০১.৯১০০.১৭০.০৫.০০৩.২১.৩০/১

তারিখ: ২৯ চৈত্র ১৪২৮
১২ এপ্রিল ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, প্রশাসন ও অর্থ উইং/ সরেজমিন উইং/ পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, কৃষি
সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।



১২-৪-২০২২

মো: মোশাররফ হোসেন খান

অতিরিক্ত পরিচালক